দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JAN 2008
পৃষ্ঠা ৩ কলাম ২

৪৬

Fojam

# প্রান্তিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে ব্যাংকগুলোকে এগিয়ে আসার আহ্বান

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. সালেহউদ্দিন আহমেদ প্রান্তিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবকাঠামোগত উন্নয়নে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, আমাদের শিক্ষা ব্যবস্থা অনেকটাই শহরকেন্দ্রিক হয়ে পড়ায় গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন কম হচ্ছে। এজন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো এগিয়ে আসতে পারে। শনিবার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এক্সিম ব্যাংকের বৃত্তি প্রদান, বৃত্তি প্রকল্পের উপর প্রকাশিত এলবামের মোড়ক উন্মোচন এবং এক্সিম ব্যাংকের বিশেষ শিক্ষা উন্নয়ন প্রকল্প উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, অর্থ সংকটের মধ্যে প্রতিভা বিকাশ কঠিন। তাই মেধাবী শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে সহযোগিতার হাত নিয়ে আরো বেশি এগিয়ে আসতে হবে। পৃথিবীর বিভিন্ন দেশে বিশেষ করে উন্নত দেশগুলোতে ছাত্র-ছাত্রীদের বিনা সুদে ঋণ দেয়া হয়। এক্সিম ব্যাংক বাংলাদেশে বিনা সুদে শিক্ষা ঋণের প্রকল্প চালু করতে যাচ্ছে। এ শিক্ষা ঋণের মাধ্যমে শিক্ষার্থীদের আত্মসম্মানবোধ জাগ্রত করবে।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার, স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কাজী মসিহুর রহমান। এক্সিম ব্যাংক এ পর্যন্ত ৫০৩ জন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করেছে, যা তাদের ছাত্র জীবন শেষ না হওয়া পর্যন্ত চলবে। নতুন শিক্ষা উন্নয়ন প্রকল্পের আওতায় প্রাথমিক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা মেডিকেল কলেজের ৩০ জন ছাত্র-ছাত্রীকে মনোনীত করা হয়। শিক্ষার্থীরা প্রতি মাসে ৩ হাজার টাকা করে সর্বোচ্চ ২ লাখ টাকা পর্যন্ত শিক্ষা ঋণ পাবে। চাকুরী জীবনে প্রবেশ করার পর প্রতি মাসে ব্যাংক কর্তৃক প্রদেয় ঋণ মাসে ৩ হাজার টাকা করে ফেরত দিবে।